***বাংলাদেশ সুপ্রীম কোর্ট***
***হাইকোর্ট বিভাগ, ঢাকা।***
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-০৮ জে,

তারিখঃ ২৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

***বিষয়ঃ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে নালিশি দরখাস্ত গ্রহণ ও শুনানী বিষয়ে বিশেষ প্র্যাকটিস নির্দেশনা সংক্রান্ত।***

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের জ্যেষ্ঠ বিচারপতিগণের সাথে আলোচনাক্রমে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি এবং শারীরিক ও সামাজিক দূরত্ব কঠোরভাবে অনুসরণ করে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে নালিশি দরখাস্ত দাখিল করা যাবে। এতদ্‌বিষয়ে বিজ্ঞ বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এজলাস কক্ষে স্বাস্থ্যবিধি প্রতিপালনসহ সামাজিক দূরত্ব বজায় নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদ্ধতি নির্ধারণ করবেন এবং সংশ্লিষ্ট আদালত নালিশি দরখাস্ত দাখিল পরবর্তী আইনানুগ কার্যক্রম সম্পন্ন করবেন।

১। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে নালিশি দরখাস্ত দাখিল এবং অভিযোগকারীপক্ষকে পরীক্ষান্তে জবানবন্দি গ্রহণের পদ্ধতি ও সময়সূচী এমনভাবে নির্ধারণ ও সমন্বয় করবেন যাতে আদালত প্রাঙ্গনে ও ভবনে ঝুঁকিপূর্ণ জনসমাগম না ঘটে। আদালত প্রাঙ্গন ও এজলাস কক্ষে প্রত্যেককে কমপক্ষে ৬ (ছয়) ফুট শারীরিক দূরত্ব নিশ্চিত করতে হবে এবং সকল প্রকার জনসমাগম পরিহার করতে হবে।

২। বিজ্ঞ বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গন এবং ভবনে জনসমাগম এড়াতে প্রতিদিন নির্দিষ্ট সংখ্যক নালিশি দরখাস্ত শুনানীর জন্য গ্রহণ করবেন। এতদ্‌বিষয়ে বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তাঁর অধীনস্থ ম্যাজিস্ট্রেটগণের আঞ্চলিক এখতিয়ার নির্ধারন করতঃ নালিশি দরখাস্ত গ্রহণ ও শুনানির ব্যবস্থা করবেন।

৩। নালিশি দরখাস্ত শুনানীকালে শুধুমাত্র উক্ত দরখাস্ত সংশ্লিষ্ট বিজ্ঞ আইনজীবী ও অভিযোগকারীপক্ষ এজলাস কক্ষে উপস্থিত থাকবেন। অভিযোগকারীকে আইনানুযায়ী পরীক্ষা করতঃ জবানবন্দি গ্রহণ শেষে অভিযোগকারীর স্বাক্ষর গ্রহণ ও আদেশ দানের পরে উক্ত বিজ্ঞ আইনজীবী ও অভিযোগকারীপক্ষ এজলাস কক্ষ ত্যাগ করলে দুই মিনিট বিরতির পর পরবর্তী দরখাস্তের অভিযোগকারীপক্ষ ও বিজ্ঞ আইনজীবী এজলাস কক্ষে প্রবেশ করবেন। এজলাস কক্ষে একত্রে ৬ (ছয়) জনের অধিক লোকের সমাগম করা যাবে না।

৪। এজলাস কক্ষে প্রত্যেককে আবশ্যিকভাবে মুখাবরণ (ঋধপব গধংশ) পরিহিত অবস্থায় থাকতে হবে। আদালতে প্রবেশের সময় প্রত্যেক ব্যক্তির শারীরিক তাপমাত্রা পরীক্ষা করার ব্যবস্থা গ্রহন করা আবশ্যক। এজলাস কক্ষে স্বাস্থ্যবিধি প্রতিপালনসহ শারীরিক দূরত্ব কঠোরভাবে বজায় নিশ্চিত করণার্থে তাৎক্ষনিক উদ্ভূত যে কোন পরিস্থিতি বিবেচনায় বিজ্ঞ বিচারক/ম্যাজিস্ট্রেট প্রয়োজনবোধে নালিশি দরখাস্ত গ্রহণ ও শুনানী করা থেকে বিরত থাকাসহ প্রয়োজনীয় আনুসঙ্গিক ব্যবস্থা গ্রহন করতে পারবেন।

৫। এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল।
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং- ৩১৩৫ জে, তারিখঃ ২৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ / ১১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,..............................। (সকল)
৩। মহানগর দায়রা জজ,............................। (সকল)
৪। বিভাগীয় বিশেষ জজ (জেলা জজ), বিভাগীয় বিশেষ জজ আদালত,..........................। (সকল)
৫। বিশেষ জজ (জেলা জজ), বিশেষ জজ আদালত,.........................। (সকল)
৬। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, ................................ । (সকল)
৭। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল,............................। (সকল)
৮। বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল,............................। (সকল)
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেটট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিকট্রাইব্যুনাল,.......................................। (সকল)
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত,....................................। (সকল)
১৩। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৪। সদস্য (জেলা জজ), কাস্টমস্, এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,............................। (সকল)
১৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
১৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
১৭। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষট্রাইব্যুনাল, ...................................। (সকল)
১৯। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২০। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২১। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২২। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৩। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৪। রেজিস্ট্রার, আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৫। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমনট্রাইব্যুনাল .................................. (সকল)।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম-সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ড), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। আইন কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয় (আইন শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪০। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীলট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৪১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,............................ ।(সকল) (অধীনস্থ সকল ম্যাজিস্ট্রেটকে অবগত করানোর জন্য বলা

হলো।

৪২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,..............................। (সকল) (অধীনস্থ সকল ম্যাজিস্ট্রেটকে অবগত করানোর জন্য বলা হলো।

৪৩। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সংরক্ষণের জন্য)।

৪৪। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।

৪৫। মাননীয় প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৪৬। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ ঢাকা।

৪৭। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৪৮। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪৯। অফিস কপি।

৩১/৭/২০২০

(মোহাম্মদ ওসমান হায়দার)
অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ০২-৯৫৬১৪০১
ইমেইলঃ haider_osman@yahoo.com